Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

## রিসার্চের বিষয়ঃ

# পিতা-মাতা ও সন্তান পরস্পরের প্রতি দায়িত্ব ও কর্তব্য


তত্ত্বাবধায়নেঃ

মাওলানা মাহবুবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

শারমীন আক্তার

রোলঃ 2310100120494


৩১ মে, ২০২৬ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

IOM

Islamic Online Madrasah

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### রিসার্চের বিষয়ঃ

## পিতা-মাতা ও সন্তান পরস্পরের প্রতি দায়িত্ব ও কর্তব্য

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।


তত্ত্বাবধায়নেঃ

মাওলানা মাহবুবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

শারমীন আক্তার

রোলঃ 2310100120494

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " পিতা-মাতা ও সন্তান পরস্পরের প্রতি দায়িত্ব ও কর্তব্য" বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে শারমীন আক্তার, আইডিঃ 2310100120494 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাওলানা মাহবুবুর রহমান
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: আরমান হোসাইন
কুরআন ট্রান্সলেশন ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " পিতা-মাতা ও সন্তান পরস্পরের প্রতি দায়িত্ব ও কর্তব্য" শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাওলানা মাহবুবুর রহমান উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব প্রচেষ্টায় প্রস্তুত করা হয়েছে, যেখানে প্রয়োজন অনুসারে বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তথ্য ব্যবহার করা হয়েছে এবং সেগুলো যথাযথভাবে তথ্যসূত্রে উল্লেখ করা হয়েছে।

শারমিন আক্তার

(স্বাক্ষর)

তারিখঃ

৩১ মে, ২০২৬ ইং

**শারমীন আক্তার**

আইডিঃ 2310100120494

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

## সূচিপত্র


ভূমিকা ........ 6

নিয়ামতের কদর করা ........ 7

পিতা-মাতার প্রতি সন্তানের প্রধান দায়িত্ব ও কর্তব্য ........ 9

মায়ের মর্যাদা— ........ 11

বাবার মর্যাদা—- ........ 12

জীবিত অবস্থায় পিতা-মাতার প্রতি সন্তানের করণীয় ........ 13

পিতা-মাতার সাথে উত্তম আচরণ ........ 16

পিতামাতার সেবায় কতিপয় উদাহরণ - ........ 19

পিতা-মাতার সেবায় বয়স ও রিযিক বৃদ্ধি পায় : ........ 21

অমুসলিম পিতা-মাতার হেদায়াতের জন্য দো'আ : ........ 22

পিতা-মাতার সাথে নম্র ভাষায় কথা বলায় জান্নাত লাভ : ........ 24

পিতা-মাতার সেবায় দুনিয়ায় বিপদমুক্তি : ........ 24

আপনার কৃতকর্মের যতটুকু প্রাপ্য ঠিক ততটুকুই আপনি পাবেন ........ 25

সন্তানের প্রার্থনার কারণে পিতা-মাতার সম্মান ও মর্যাদা বৃদ্ধি করা হয় ........ 27

যেভাবে মা-বাবার হৃদয় জয় করবেন ........ 30

পিতা-মাতার প্রতি অবহেলার পরিনতি— ........ 36

মৃত্যুর পর পিতামাতার প্রতি সন্তানের দায়িত্ব-কর্তব্য– ........ 37

সন্তানের প্রতি পিতামাতার দায়িত্ব-কর্তব্য- ........ 39

সন্তানের প্রতি জুলুম করা থেকে বিরত থাকতে হবে— ........ 40

পিতা-মাতার যেসব আদেশ মানা যাবে না----- ........ 42

সন্তানের প্রতি অবহেলার পরিণতি----- ........ 43

সন্তান আল্লহর দেওয়া আমানত— ........ 44

সন্তানের মৃত্যু পিতামাতার জন্য পরীক্ষাসরূপ- ........ 45

সন্তান পিতামাতার জন্য পরীক্ষাসরুপ—-........................................................47
সন্তানকে নেককার বানানো ........................................................................47
সন্তানের মৃত্যুতে ধৈর্যের ফজিলত ...............................................................48
সন্তানের মৃত্যুর পর করণীয়—...................................................................49
সন্তানের মৃত্যুতে ধৈর্য ধারণের এক অবিস্মরণীয় উদাহরণ —.........................................50
সন্তান হিসেবে আমাদের করণীয়– ...............................................................53
পিতামাতা হিসেবে আমাদের করণীয় —- ........................................................54
বর্জনীয় বিষয়সমূহ—- ..............................................................................56
নিজেকে পরিবর্তন করা—মা-বাবার সেবা করার মাধ্যমে- ...........................................58
পিতা-মাতার কাছে মাফ চাওয়া...................................................................59
কেন পিতা-মাতার কাছে মাফ চাওয়া জরুরি?....................................................59
পিতামাতার কাছে দুআ চাওয়া ....................................................................60
পিতা-মাতা ও সন্তানের সম্পর্ক যেমন হওয়া উচিত...............................................61
উপসংহার ...........................................................................................62

# ভূমিকা

সকল প্রশংসা একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়াতাআ'লার যিনি সন্তানদের পিতামাতার এবং পিতামাতাকে সন্তানের নিয়ামত দান করে আমাদের জীবনকে সুন্দরভাবে সাজিয়ে দিয়েছেন। শত কোটি দরুদ এবং সালাম বর্ষিত হোক আমাদের প্রিয় নবীজী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওপর এবং তাঁর পরিবার-পরিজন এবং সাহাবাগণদের ওপর।

আল্লাহ সুবহানাহু ওয়াতাআ'লা
কুরআন কারীমে বলেন---

وَوَصَّيْنَا ٱلْإِنسَـٰنَ بِوَٰلِدَيْهِ حَمَلَتْهُ أُمُّهُۥ وَهْنًا عَلَىٰ وَهْنٍ وَفِصَـٰلُهُۥ فِى عَامَيْنِ أَنِ ٱشْكُرْ لِى وَلِوَٰلِدَيْكَ إِلَىَّ ٱلْمَصِيرُ

" আর আমি মানুষকে তার মাতাপিতার ব্যাপারে (সদাচরণের) নির্দেশ দিয়েছি। তার মা কষ্টের পর কষ্ট ভোগ করে তাকে গর্ভে ধারণ করে। আর তার দুধ ছাড়ানো হয় দু'বছরে; সুতরাং আমার ও তোমার পিতা-মাতার শুকরিয়া আদায় কর। প্রত্যাবর্তন তো আমার কাছেই

সূরা লুকমান,আয়াত১৪

পিতা-মাতা,সন্তানাদির উভয়ের পরস্পরের প্রতি দায়িত্ব-কর্তব্য রয়েছে। সেগুলো পালনের মধ্যে আল্লহর সন্তুষ্টি এবং সফলতা নিহিত। আমাদের সেই বিষয়ে সচেতন থাকতে হবে এবং আল্লাহর কৃতজ্ঞতা স্বীকার করতে হবে।

# নিয়ামতের কদর করা

পিতা-মাতা-সন্তান এগুলোর মতো নিয়ামত দিয়ে আল্লাহ আমাদের
জীবনে শান্তিময় করেছেন। তাই সর্বপ্রথম আমাদের উচিত আল্লাহর কাছে শুকরিয়া আদায় করা। সাধ্যের সবটুকু দিয়ে তাদের দায়িত্ব-কর্তব্য পালন করা। যদি নিয়ামতের কদর না করা হয়,তাহলে আল্লাহ নিয়ামত উঠিয়ে নেন,বিভিন্ন
আজাব দেন। তখন আফসোস করা ছাড়া আর কিছু বাকি থাকে না। এজন্য উপলব্ধি করে আমাদের এইসব নিয়ামতের কদর করতে হবে ইনশা আল্লাহ!

আল্লাহ কুরআন কারীমে বলেন,

**وإذ تأذن ربكم لئن شكرتم لأزيدنكم ولئن كفرتم إن عذابي لشديد**

এবং সেই সময়টাও স্মরণ কর, যখন তোমাদের প্রতিপালক ঘোষণা করেছিলেন, তোমরা সত্যিকারের কৃতজ্ঞতা প্রকাশ করলে আমি তোমাদেরকে আরও বেশি দেব, আর যদি অকৃতজ্ঞতা কর, তবে জেনে রেখ আমার শাস্তি অতি কঠিন

-সূরা ইব্রাহিম, আয়াত ৭

মানবজীবনে পিতামাতা এমন এক নিয়ামত, যাদের ঋণ কোনোভাবেই শোধ করা সম্ভব নয়। একজন সন্তান জন্ম নেওয়ার পর থেকে বড় হওয়া পর্যন্ত প্রতিটি ধাপে পিতামাতার অবদান অপরিসীম। তাই ইসলামে এবং মানবিক দৃষ্টিকোণ থেকে পিতামাতার প্রতি দায়িত্ব পালন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কর্তব্য।

১. সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন
পিতামাতার প্রতি প্রথম ও প্রধান দায়িত্ব হলো তাদের সম্মান করা। তাদের সাথে সবসময় ভদ্রভাবে কথা বলা, তাদের সামনে উচ্চস্বরে কথা না বলা এবং কোনো অবস্থাতেই অসম্মানজনক আচরণ না করা উচিত। আল্লাহ তাআলা কুরআনে বলেছেন, তাদের সামনে "উফ" শব্দটিও বলা যাবে না। এটি বোঝায়, তাদের প্রতি আচরণে সর্বোচ্চ বিনয় ও শ্রদ্ধা বজায় রাখতে হবে।

২. আনুগত্য করা
পিতামাতার আদেশ-নিষেধ মেনে চলা সন্তানের অন্যতম দায়িত্ব। তবে যদি কোনো বিষয়ে তারা অন্যায় বা ধর্মবিরোধী কিছু করতে বলেন, তাহলে তা না মেনে বিনয়ের সাথে তাদের বোঝানো উচিত। সাধারণ জীবনযাত্রার ক্ষেত্রে তাদের নির্দেশনা মেনে চলা সন্তানকে সঠিক পথে পরিচালিত করে।

৩. সেবা ও যত্ন নেওয়া
পিতামাতার বয়স বাড়ার সাথে সাথে তারা শারীরিকভাবে দুর্বল হয়ে পড়েন। তখন তাদের যত্ন নেওয়া, চিকিৎসার ব্যবস্থা করা, তাদের প্রয়োজনগুলো পূরণ করা সন্তানের দায়িত্ব। যেমন—খাবার, ওষুধ, বিশ্রাম, নিরাপত্তা ইত্যাদি নিশ্চিত করা। বিশেষ করে বৃদ্ধ বয়সে তাদের পাশে থাকা খুবই গুরুত্বপূর্ণ।

৪. ভালোবাসা ও সহানুভূতি প্রদর্শন
পিতামাতার প্রতি ভালোবাসা শুধু কথায় নয়, কাজে প্রকাশ করতে হয়। তাদের সাথে সময় কাটানো, তাদের কথা মনোযোগ দিয়ে শোনা, তাদের খুশি রাখার চেষ্টা করা—এসবই ভালোবাসার বহিঃপ্রকাশ। অনেক সময় তারা শুধু সন্তানের সান্নিধ্যই চান, যা তাদের মানসিক শান্তি দেয়।

৫. দোয়া করা
পিতামাতার জন্য দোয়া করা একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। আল্লাহর কাছে তাদের জন্য ক্ষমা, রহমত ও সুস্বাস্থ্য কামনা করা উচিত। কুরআনের একটি দোয়া হলো:
"হে আমার রব! তাদের প্রতি দয়া করুন, যেমন তারা শৈশবে আমাকে লালন-পালন করেছেন।"
এই দোয়া নিয়মিত পড়া সন্তানের কর্তব্যের একটি অংশ।

৬. আর্থিক সহায়তা প্রদান
যদি পিতামাতা আর্থিকভাবে দুর্বল হন, তাহলে তাদের খরচ বহন করা সন্তানের দায়িত্ব। তাদের প্রয়োজন অনুযায়ী অর্থ, খাবার, বাসস্থান ইত্যাদি নিশ্চিত করা উচিত। এটি শুধু দায়িত্ব নয়, বরং একটি মহান ইবাদত।

৭. কষ্ট না দেওয়া
পিতামাতাকে কোনোভাবে কষ্ট দেওয়া বা তাদের মনে আঘাত করা বড় গুনাহ। কথাবার্তা, আচরণ কিংবা অবহেলার মাধ্যমে তাদের কষ্ট দেওয়া থেকে বিরত থাকতে হবে। তাদের মন ভেঙে দেওয়া বা অবজ্ঞা করা সন্তানের জন্য মারাত্মক ভুল।

৮. তাদের সিদ্ধান্তকে গুরুত্ব দেওয়া
পিতামাতার অভিজ্ঞতা জীবনের অনেক ক্ষেত্রে সঠিক দিকনির্দেশনা দেয়। তাই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার আগে তাদের মতামত নেওয়া উচিত এবং তাদের কথা গুরুত্ব সহকারে বিবেচনা করা উচিত।

৯. মৃত্যুর পর দায়িত্ব
পিতামাতা মৃত্যুবরণ করার পরও সন্তানের দায়িত্ব শেষ হয় না। তাদের জন্য দোয়া করা, সদকা করা, তাদের ঋণ পরিশোধ করা এবং তাদের রেখে যাওয়া ভালো কাজগুলো চালিয়ে যাওয়া সন্তানের দায়িত্বের অংশ।

১০. সমাজে তাদের সম্মান রক্ষা করা
সন্তানের আচরণের মাধ্যমে পিতামাতার পরিচয় প্রকাশ পায়। তাই এমন কোনো কাজ করা উচিত নয়, যা সমাজে তাদের সম্মান ক্ষুণ্ণ করে। বরং ভালো কাজের মাধ্যমে তাদের গর্বিত করা উচিত।

## পিতা-মাতার প্রতি সন্তানের প্রধান দায়িত্ব ও কর্তব্য

পিতা-মাতার প্রতি সন্তানের প্রধান দায়িত্ব ও কর্তব্য হলো তাদের প্রতি **সর্বোচ্চ শ্রদ্ধা, ভালোবাসা ও সদ্ব্যবহার** করা । ইসলামের দৃষ্টিতে আল্লাহর ইবাদতের পরেই পিতা-মাতার অধিকার সবচেয়ে বেশি। বৃদ্ধ বয়সে সেবা করা, নম্র আচরণ করা এবং বৈধ কাজে তাদের আনুগত্য করা ওয়াজিব । তাদের খুশিতে আল্লাহর খুশি এবং অসন্তুষ্টিতে আল্লাহর অসন্তুষ্টি নিহিত।

প্রথমত পিতা-মাতার সাথে ভালো ব্যবহার করা, তাদের সামনে উঁচু স্বরে কথা না বলা, এবং তাদের আদেশ-নিষেধ মান্য করা।

وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوٓاْ إِلَّآ إِيَّاهُ ۞
وَبِٱلْوَٰلِدَيْنِ إِحْسَـٰنًا ۚ إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ ٱلْكِبَرَ أَحَدُهُمَآ أَوْ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَآ أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُل لَّهُمَا قَوْلاً كَرِيمًا

আর তোমার রব আদেশ দিয়েছেন যে, তোমরা তাঁকে ছাড়া অন্য কারো ইবাদাত করবে না এবং পিতা-মাতার সাথে সদাচরণ করবে। তাদের একজন অথবা উভয়েই যদি তোমার নিকট বার্ধক্যে উপনীত হয়, তবে তাদেরকে 'উফ' বলো না এবং তাদেরকে ধমক দিও না। আর তাদের সাথে সম্মানজনক কথা বল।

সূরা ইসরা, আয়াত-২৩

পিতা-মাতার প্রতি সন্তানের দায়িত্ব ও কর্তব্য

মা এতো মর্যাদাবান যে, তাঁর পদতলে সন্তানের জান্নাত রয়েছে। যেমন হাদীছে এসেছে,
عَنْ مُعَاوِيَةَ بْنِ جَاهِمَةَ السَّلَمِيِّ أَنَّ جَاهِمَةَ جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللهِ أَرَدْتُ أَنْ أَغْزُوَ وَقَدْ جِئْتُ أَسْتَشِيرُكَ فَقَالَ :هَلْ لَكَ مِنْ أُمٍّ ؟ .قَالَ نَعَمْ .قَالَ : فَالْزَمْهَا فَإِنَّ الْجَنَّةَ تَحْتَ رِجْلَيْهَا -

মু'আবিয়াহ বিন জাহেমাহ আস-সুলামী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন যে, জাহেমাহ রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি জিহাদে যাওয়ার উদ্দেশ্যে আপনার সাথে পরামর্শ করার জন্য এসেছি। তিনি আমাকে বললেন, তোমার কি মা আছে? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, 'তুমি তাঁর নিকটে থাক। কেননা জান্নাত তাঁর পায়ের নিচে'। কোন বর্ণনায় রয়েছে, তিনি বললেন, তোমার কি পিতা-মাতা আছেন? আমি বললাম, হ্যাঁ। তখন তিনি বললেন, الْزَمْهُمَا فَإِنَّ الْجَنَّةَ تَحْتَ أَرْجُلِهِمَا 'তুমি তাদের নিকটে থাক। কেননা জান্নাত রয়েছে তাদের পায়ের নিচে'। অন্য বর্ণনায় এসেছে, জাহেমাহ আস-সুলামী রাসূলুল্লাহ (ছাঃ)-এর ডান দিক থেকে ও বাম দিক থেকে দু'বার এসে বলেন, আমি আপনার সাথে জিহাদে যেতে চাই এবং এর মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি ও আখেরাত কামনা করি। জবাবে রাসূল (ছাঃ) বলেন, তোমার মা কি বেঁচে আছেন? তিনি বললেন, হ্যাঁ। রাসূল (ছাঃ) বললেন, ارْجِعْ فَبِرَّهَا 'ফিরে

যাও। তার সাথে সদাচরণ কর’। অবশেষে তৃতীয় বার সম্মুখদিক থেকে এসে একই আবেদন করেন। তখন রাসূল (ছাঃ) তাকে জিজ্ঞেস করেন, তোমার মা কি জীবিত আছেন? তিনি বললেন, হ্যাঁ। তখন রাসূল (ছাঃ) বললেন, وَيْحَكَ الْزَمْ رِجْلَهَا فَثَمَّ الْجَنَّةُ ‘তোমার ধ্বংস হোক! তার পায়ের কাছে থাক। সেখানেই জান্নাত রয়েছে’।

৬. নাসাঈ হা/৩১০৪; মিশকাত হা/৪৯৩৯; ছহীহ আত-তারগীব হা/২৪৮৫।

## মায়ের মর্যাদা—

ইসলামে মা-বাবার, বিশেষ করে মায়ের মর্যাদা সর্বোচ্চ। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত হাদিসে এসেছে, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা.)-কে জিজ্ঞেস করলেন, "আমার উত্তম ব্যবহারের সবচেয়ে বেশি অধিকারী কে?" তিনি বললেন, "তোমার মা।" ব্যক্তিটি বললেন, "তারপর কে?" তিনি বললেন, "তোমার মা।" তিনি বললেন, "তারপর কে?" তিনি বললেন, "তোমার মা।" তিনি বললেন, "তারপর কে?" তিনি বললেন, "তোমার বাবা" [সহীহ বুখারী ও মুসলিম]

**পাপ মোচনে মায়ের সেবা :**

মায়ের খেদমত পাপ মোচনে সহায়ক। এজন্য কোন ব্যক্তি পাপ করলে রাসূল (ছাঃ) ও ছাহাবায়ে কেরাম তাদের মায়ের খেদমত করার পরামর্শ দিতেন। যেমন হাদীছে এসেছে,

،عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ أَتَاهُ رَجُلٌ فَقَالَ :إِنِّي خَطَبْتُ امْرَأَةً، فَأَبَتْ أَنْ تَنْكِحَنِي، وَخَطَبَهَا غَيْرِي :فَأَحَبَّتْ أَنْ تَنْكِحَهُ، فَغِرْتُ عَلَيْهَا فَقَتَلْتُهَا، فَهَلْ لِي مِنْ تَوْبَةٍ؟ قَالَ :أُمُّكَ حَيَّةٌ؟ قَالَ :لَا، قَالَ تُبْ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ، وَتَقَرَّبْ إِلَيْهِ مَا اسْتَطَعْتَ .فَذَهَبْتُ فَسَأَلْتُ ابْنَ عَبَّاسٍ :لِمَ سَأَلْتَهُ عَنْ حَيَاةِ أُمِّهِ؟ فَقَالَ :إِنِّي لَا أَعْلَمُ عَمَلًا أَقْرَبَ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ مِنْ بِرِّ الْوَالِدَةِ -

ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, এক ব্যক্তি তার নিকট উপস্থিত হয়ে বলল, আমি এক মহিলাকে বিবাহের প্রস্তাব দিলাম। সে আমাকে বিবাহ করতে অস্বীকার

করল। অপর এক ব্যক্তি তাকে বিবাহের প্রস্তাব দিলে সে তাকে বিবাহ করতে পছন্দ করল। এতে আমার আত্মমর্যাদাবোধে আঘাত লাগলে আমি তাকে হত্যা করি। আমার কি তওবার কোন সুযোগ আছে? তিনি বলেন, তোমার মা কি জীবিত আছেন? সে বলল, না। তিনি বলেন, তুমি মহামহিম আল্লাহ্র নিকট তওবা কর এবং যথাসাধ্য তার নৈকট্য লাভের চেষ্টা করো। (আতা' রহঃ বলেন) আমি ইবনে আব্বাস (রাঃ)-এর নিকট গিয়ে জিজ্ঞেস করলাম, তার মা জীবিত আছে কি-না তা আপনি কেন জিজ্ঞেস করলেন? তিনি বলেন, 'আল্লাহ্র নৈকট্য লাভের জন্য মায়ের সাথে সদাচরণের চেয়ে উত্তম কোন কাজ আমার জানা নেই'।

অন্য বর্ণনায় রয়েছে, তিনি বলেন,

،أَلَكَ وَالِدَانِ حَيَّانِ أَوْ أَحَدُهُمَا؟ قَالَ :لَا، قَالَ :تَقَرَّبْ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ بِمَا قَدَرْتَ عَلَيْهِ فَقُلْنَا لَهُ بَعْدَ مَا خَرَجَ، فَقَالَ :لَوْ كَانَ حَيَّيْنِ أَبَوَاهُ أَوْ أَحَدُهُمَا رَجَوْتُ لَهُ أَنَّهُ لَيْسَ شَيْءٌ أَحَطَّ لِلذُّنُوْبِ مِنْ بِرِّ الْوَالِدَيْنِ -

'তোমার পিতা-মাতা বা তাদের একজন কি জীবিত আছেন? সে বলল, না। তিনি বললেন, যথাসাধ্য আল্লাহ্র নৈকট্য লাভের চেষ্টা করো। লোকটি বের হয়ে যাওয়ার পর আমরা তাকে এ বিষয়ে জিজ্ঞেস করলে তিনি বললেন, তার পিতা-মাতা বা তাদের একজন যদি জীবিত থাকত তাহ'লে তার জন্য আশা করতাম। কারণ পিতা-মাতার সাথে সদাচরণ অপেক্ষা গুনাহ মোচনকারী আর কিছুই নেই'।

## বাবার মর্যাদা—-

নবীজি সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "বাবা হলেন জান্নাতের মধ্যম দরজা। এখন তুমি চাইলে সেই দরজা রক্ষা করতে পারো অথবা তা নষ্ট করে ফেলতে পারো" (তিরমিজি)।

নবীজী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন,

“পিতার সন্তুষ্টিতে আল্লাহর সন্তুষ্টি নিহিত এবং পিতার অসন্তুষ্টিতে আল্লাহর অসন্তুষ্টি নিহিত।"
(তিরমিজি)

## জীবিত অবস্থায় পিতা-মাতার প্রতি সন্তানের করণীয়

পিতা-মাতার আনুগত্য করা :

পিতা-মাতা সন্তানের জন্য আল্লাহ তা'আলার পক্ষ থেকে বড় নে’মত। তারা সর্বদা সন্তানের কল্যাণের কথা চিন্তা করেন। অনেক সময় পিতা-মাতার মতের সাথে সন্তানের মতের অমিল হতে পারে। এমত পরিস্থিতিতে সন্তানের জন্য আবশ্যক হ’ল পিতা-মাতার আনুগত্য করা। মহান আল্লাহ বলেন,

وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ
وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ إِنَّ اللَّهَ
لَا يُحِبُّ مَن كَانَ مُخْتَالًا فَخُورًا

“ইবাদত কর আল্লাহর, শরীক করো না তাঁর সাথে অপর কাউকে, পিতা-মাতার সাথে সৎ ও সদয় ব্যবহার কর এবং নিকটাত্মীয়, ইয়াতীম-মিসকীন, নিকট প্রতিবেশী, দূর প্রতিবেশী, সঙ্গী-সাথী, মুসাফির এবং দাস-দাসীর প্রতিও। নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন না দাম্ভিক-অহঙ্কারীকে’। “

- সূরা নিসা,আয়াত-৩৬

তিনি আরও বলেন,

وَإِذْ أَخَذْنَا مِيثَاقَ بَنِي إِسْرَائِيلَ لَا تَعْبُدُونَ إِلَّا اللَّهَ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ
وَالْمَسَاكِينِ وَقُولُوا لِلنَّاسِ حُسْنًا

আর যখন আমরা বনী ইসরাঈলের কাছ থেকে অঙ্গীকার নিলাম যে, তোমরা আল্লাহ ব্যতীত কারু দাসত্ব করবে না এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম ও অভাবগ্রস্তদের সাথে সদ্ব্যবহার করবে, মানুষের সাথে উত্তম কথা বলবে

- সূরা বাকারাহ-আয়াত ৮৩

আল্লাহ আরও বলেন,

قُلْ تَعَالَوْا أَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ عَلَيْكُمْ أَلَّا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُم مِّنْ إِمْلَاقٍ نَّحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ

তুমি বল, এস আমি তোমাদেরকে ঐ বিষয়গুলো পাঠ করে শুনাই যা তোমাদের প্রতিপালক তোমাদের উপর হারাম করেছেন। আর তা হ'ল এই যে, তোমরা তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না। পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করবে। দারিদ্রতার ভয়ে তোমরা তোমাদের সন্তানদের হত্যা করবে না। আমরাই তোমাদেরকে ও তাদেরকে জীবিকা প্রদান করে থাকি'।

- সূরা আনআম,আয়াত১৫১

অন্যত্র আল্লাহ নিজের অবদানের পাশাপাশি মায়ের অবদান সন্তানদের স্মরণ করিয়ে দিয়ে বলেন,

وَاللَّهُ أَخْرَجَكُم مِّن بُطُونِ أُمَّهَاتِكُمْ لَا تَعْلَمُونَ شَيْئًا وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ

আল্লাহ তোমাদেরকে তোমাদের মায়ের গর্ভ থেকে বের করেছেন। তোমরা কিছুই জানতে না। তিনি তোমাদেরকে কর্ণ, চক্ষু ও অন্তর দিয়েছেন, যাতে তোমরা অনুগ্রহ স্বীকার কর'

-সূরা নাহল-আয়াত৭৮

পবিত্র কুরআনে পিতা-মাতার হক সমূহকে আল্লাহ তা'আলার ইবাদত ও আনুগত্যের সাথে যুক্ত করে বর্ণনা করা হয়েছে। যাতে বান্দা তার জীবদ্দশায় সতর্কতা বজায় রেখে একনিষ্ঠভাবে পিতা-মাতার ন্যায়সঙ্গত অধিকার পূর্ণ করতে সক্ষম হয়। পিতা-মাতাকেও তাদের গর্ভধারণকালীন কথা স্মরণ করিয়ে দেওয়া হয়েছে, যাতে পিতা-মাতা সন্তানকে কোন সময় আল্লাহর বিরুদ্ধাচরণ করতে না বলে।

আল্লাহ তা'আলা বলেন,

هُوَ الَّذِي خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ وَجَعَلَ مِنْهَا زَوْجَهَا لِيَسْكُنَ إِلَيْهَا فَلَمَّا تَغَشَّاهَا حَمَلَتْ حَمْلًا خَفِيفًا فَمَرَّتْ بِهِ فَلَمَّا أَثْقَلَت دَّعَوَا اللَّهَ رَبَّهُمَا لَئِنْ آتَيْتَنَا صَالِحًا لَّنَكُونَنَّ مِنَ الشَّاكِرِينَ فَلَمَّا آتَاهُمَا صَالِحًا جَعَلَا لَهُ شُرَكَاءَ فِيمَا آتَاهُمَا فَتَعَالَى اللَّهُ عَمَّا يُشْرِكُونَ أَيُشْرِكُونَ مَا لَا يَخْلُقُ شَيْئًا وَهُمْ يُخْلَقُونَ

‘তিনিই আল্লাহ যিনি তোমাদের সৃষ্টি করেছেন একজন মাত্র ব্যক্তি (আদম) থেকে। অতঃপর তার থেকে সৃষ্টি করেছেন তার স্ত্রী (হাওয়)-কে। যাতে সে তার নিকটে প্রশান্তি লাভ করে। অতঃপর যখন সে তাকে আবৃত করে, তখন সে হালকা গর্ভধারণ করে। আর এটা নিয়েই সে চলাফেরা করে। অতঃপর যখন তা ভারী হয়, তখন স্বামী-স্ত্রী উভয়ে তাদের প্রতিপালককে ডাকে, যদি তুমি আমাদেরকে সুস্থান দাও, তাহ’লে অবশ্যই আমরা কৃতজ্ঞ বান্দাদের অন্তর্ভুক্ত হব। অতঃপর যখন আল্লাহ তাদেরকে সুঠামদেহী সন্তান দান করেন, তখন তারা আল্লাহর এই দানে তার সঙ্গে অন্যকে শরীক নির্ধারণ করে। অথচ তারা যেসব বিষয়কে শরীক সাব্যস্ত করে, আল্লাহ তাদের থেকে অনেক ঊর্ধ্বে। তারা কি এমন বিষয়কে শরীক নির্ধারণ করে যারা কিছুই সৃষ্টি করে না, বরং তারা নিজেরাই সৃষ্ট’ ( সূরা আরাফ ১৮৯ -১৯১)

অন্য একটি আছারে বর্ণিত হয়েছে, যুরাহ বিন আওফা হ’তে বর্ণিত তিনি বলেন,

جَاءَ رَجُلٌ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَالَ :إِنِّي أَرَدْتُ أَنْ أَغْزُوَ الرُّومَ، وَإِنَّ أَبَوَيَّ يَمْنَعَانِي قَالَ :أَطِعْ أَبَوَيْكَ، فَإِنَّ الرُّومَ سَتَجِدُ مَنْ يَغْزُوهَا غَيْرَكَ-

‘জনৈক ব্যক্তি ইবনু আব্বাস (রাঃ)-এর নিকট এসে বলল, আমি রোমানদের বিরুদ্ধে যুদ্ধে যেতে চাই। অথচ আমার পিতা-মাতা আমাকে বাধা দেন। তিনি বললেন, পিতা-মাতার আনুগত্য কর এবং অপেক্ষা কর। কেননা খুব শীঘ্রই রোমকরা তুমি ছাড়া এমন

ব্যক্তির সাক্ষাৎ লাভ করবে, যে তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে'। (ইবনু আবি শায়বাহ হা/৩৫৪২৯)

## পিতা-মাতার সাথে উত্তম আচরণ

শৈশবে যে অভ্যাস তৈরি হয় বার্ধক্যেও তাই বহাল থাকে। তাই যদি প্রথম দিন থেকেই পিতামাতার সঙ্গে সদ্ব্যবহারের শিক্ষা না দেওয়া হয় তাহলে পরে আর কোনো পন্থাই কার্যকর হয় না। নিঃসন্দেহে এটা একটা বড় সমস্যা। পিতামাতার অবাধ্যতা ও তাঁদের সঙ্গে মন্দ আচরণ এমন কবীরা গুনাহ, যাকে আল্লাহ শিরকের সঙ্গে উল্লেখ করেছেন।

নানাজী তার কন্যাদের যেমন ভালোবাসতেন ও যত্ন নিতেন তেমন আর কোনো পিতাকে দেখিনি। এজন্য তাকে অনেক কষ্টও পোহাতে হত।

কনকনে শীতের রাতে ঘুম থেকে জেগে নিজ কক্ষ থেকে নেমে আসতেন। তিন তলায় ছিল তার শোবার ঘর। আর তার কন্যারা ঘুমাতেন নিচ তলায়। সে আমলে দামেশকের বাড়িগুলো এভাবে নির্মিত হত যে, উপর তলা থেকে নিচে নেমে আসতে অনেকটা খোলা জায়গা অতিক্রম করতে হত। প্রচন্ড শীতে, কখনো বা বৃষ্টির মধ্যে তিনি কন্যাদের দেখতে আসতেন এবং একে একে প্রত্যেকের গায়ে কম্বল-চাদর ঠিক করে দিতেন। কাউকে যদি দেখতেন সর্দি লেগেছে, কিংবা কাশিতে কষ্ট হচ্ছে, তাই সে ঘুমুতে পারছে না, তাহলে তাকে বসার ঘরে নিয়ে যেতেন এবং হিটার জ্বালিয়ে ঘর গরম করতেন। এরপর তার জন্য এক কাপ কফি তৈরি করতেন এবং কিছু ঔষধপত্র খাওয়াতেন। তার আরামবোধ হওয়ার আগ পর্যন্ত তাকে সঙ্গ দিতেন এরপর তাকে বিছানায় শুইয়ে দিয়ে নিজ কক্ষে ফিরে যেতেন।

আগেই বলেছি, কন্যাদের সম্পর্কে তার মতো এতখানি উদ্বিগ্ন হতে আমি আর কাউকে দেখিনি। কোনো সময় যদি তাদের কারো রাতে ঘুমাতে দেরি হয়ে যেত তাহলে পরদিন আর তাকে ক্লাসে যেতে দিতেন না। এতে যদি মেয়ের কষ্ট হয়ে যায়! যদি সে অসুস্থ হয়ে পড়ে! এটা তার আশ্চর্য নিজস্বতা ছিল। প্রতিষ্ঠানের প্রধান শিক্ষিকা যেহেতু এমন অভিজ্ঞতার সঙ্গে পরিচিত ছিলেন না তাই একদিন তার বিরক্তি প্রকাশই করে ফেললেন। আমার আম্মার হাত ধরে ক্লাসরুমে নিয়ে গেলেন

এবং সমবেত ছাত্রীদের দিকে ইঙ্গিত করে বললেন, দেখ তো, এখানে কত ছাত্রী রয়েছে। শুধু তোমার আববুই কি তার কন্যাকে ভালোবাসেন আর এদের আববুরা এদেরকে ভালোবাসেন না?

বাস্তবিকই নানাজীর এই আচরণগুলো ছিল তাঁর নিজস্ব বিষয়। কন্যাদের শান্তি ও আরামের চিন্তা তার মধ্যে সর্বক্ষণ কাজ করত। রাতভর তাদের জন্য চিন্তা-ভাবনা করতেন। তাদের সঙ্গে যদি কেউ মন্দ ব্যবহার করত তাহলে তাকে ভৎর্সনা করতেন। তাদের উপর কেউ বাহাদুরি করলে তিনি রাগান্বিত হয়ে যেতেন।

জ্ঞানী লোকেরা বলেন, 'কিছু কিছু মন্দ বিষয় শুভফল দান করে।' এটা সত্য কথা। কন্যাদের সম্পর্কে তাঁর সজাগ-সচেতন দৃষ্টি এবং তাদের প্রতি অনুরাগ-ভালোবাসা তাকে অন্য আরেকটি বিষয়েও সংবেদনশীল করেছিল। তা এই যে, আমাদের (নাতী নাতনীদেরকে) তিনি সর্বদা মায়েদের সঙ্গে ভালো ব্যবহার করতে এবং তাদের অনুগত থাকতে নির্দেশ দিতেন। যখনই সুযোগ হত তিনি এ বিষয়ে আমাদের দৃষ্টি আকর্ষণ করতেন।

এ বিষয়ে তাঁর নির্দেশনার একটি পদ্ধতি উল্লেখ করছি। অনেক সময় আমাদের ছোটদের মনে হত, মায়েরা সব সময় আমাদেরকে উপদেশ দান করেন, ধমক দেন, আমাদের ইচ্ছাগুলো পূরণ হতে দেন না-আমাদের উপর খুব জুলুম করা হচ্ছে। বড়দের কাছে আমাদের ইচ্ছাগুলোর কোনোই মূল্য নেই। যেমন প্রত্যেক শিশুই ভেবে থাকে। নানাজী আমাদের এই অভিযোগ ও অনুভুতি মনোযোগ দিয়ে শুনতেন এবং আমাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে বলতেন, ঠিক বলেছ, তোমাদের জায়গায় আমি হলে আমারও এমনই লাগত। কেননা, তখন শুধু আমার নিজের ইচ্ছা ও অনিচ্ছাই আমার সামনে থাকত। আচ্ছা, এখন একটা কথা বলি, বিষয়টি আমাদের মায়েরা যেভাবে ভেবেছেন সেভাবে কি আমরা ভেবেছি? মায়েদের মতো করে ভাবলে কিন্তু আমাদের এই অভিযোগ আর থাকবে না। মায়েদের যে হক্ব ও অধিকার আমাদের উপর রয়েছে তা কি মনে রেখেছি?

এই কথাগুলো বারবার নানাজী আমাদেরকে বলতেন। সব সময় বলতেন এবং বিভিন্নভাবে বলতেন। কখনো হাদীস শরীফ শোনাতেন। কখনো তার নিজস্ব ঢংয়ে সাহাবীদের বিভিন্ন গল্প বলতেন। তাঁদের মায়েদের সঙ্গে তাঁদের আচরণ। আমরা যদি মায়েদের অবাধ্য হই তাহলে দুনিয়াতেই আমাদের উপর আল্লাহ তাআলার পক্ষ থেকে শাস্তি আসতে পারে- সে সম্পর্কে আমাদেরকে সাবধান করতেন। আর যদি বাধ্য

অনুগত হয়ে চলি তাহলে দুনিয়াতেই এর সুফল লাভ করতে পারি- সে সম্পর্কে আমাদেরকে আগ্রহী করতেন। কেননা পিতামাতার সঙ্গে ভালো ব্যবহার সন্তানকে তার কর্মজীবনে সফল হতে সাহায্য করে, তার দুআ কবুল হয় এবং  তার সন্তানও তার বাধ্য ও অনুগত হয়।

তিনি আমাকে যে উপদেশপত্র দান করেছিলেন এবং সর্বদা স্মরণ রাখতে বলেছিলেন তার শেষ কথাটি এই ছিল যে, আমি যেন আম্মার বাধ্য ও অনুগত থাকি এবং তাঁর মর্যাদা ও হক্ক সম্পর্কে সচেতন থাকি।

তার কোনো নাতী বা নাতনীকে যদি দেখতেন, তাঁর মা কর্মব্যস্ত রয়েছেন আর সে তাঁর কোনো ধরনের সাহায্যে না এসে অলসভাবে বসে রয়েছে... কিংবা কেউ তাঁর মায়ের আদেশ ছাড়াই তাঁর চেয়ে উত্তম স্থানে বসেছে তাহলে খুব রাগান্বিত হতেন এবং তিরস্কার করতেন। তিনি আমাদেরকে আদেশ করতেন, আমরা যেন নাস্তার পর মায়েদের সম্মানে চা-কফি বানিয়ে উপস্থিত করি। আর রান্নাঘর গুছিয়ে নানাজীর ওই মজলিসে শামিল হই।

তিনি পছন্দ করতেন, আমরা প্রত্যেকে যেন স্বনির্ভর হই এবং যে কাজ নিজে করা সম্ভব তাতে অন্যকে কষ্ট না দেই। এজন্য তিনি খুব দ্রুত ব্যক্তিগত অপরিহার্য বিষয়গুলো শিখে নিতে উদ্বুদ্ধ করতেন। যেন এসবের কারণে আমাদের মায়েদের কষ্ট না পেতে হয়। ফলে আমরা ঘুম থেকে ওঠার জন্য নিজেরাই ঘড়িতে এলার্ম দিতাম। নিজেদের পোশাক নিজেরাই ইস্ত্রি করতাম, কাপড় রিফু করতাম এবং জুতা পালিশ করতাম।

নানাজী নিজেও তার মাকে অত্যন্ত ভালোবাসতেন। তাঁর মধ্যে আমরা দেখেছি মাতৃভক্তির অনুসরণীয় দৃষ্টান্ত। যখনই তিনি তাঁর মায়ের কথা স্মরণ করতেন তার চোখ থেকে অশ্রু ঝরতে থাকত। এমনকি তাঁর মায়ের ইন্তেকালের পঞ্চাশ বছর পরও। ফলে আমারও মনে এই শঙ্কা সৃষ্টি হত যে, আমিও কি আমার মাকে হারাব আর তাঁকে কষ্ট দেওয়ার কথা মনে করে অশ্রুবিসর্জন দিব? এই ভাবনা আমাকে উদ্বুদ্ধ করল আম্মাজীর এমন অনুগত হতে যা তাঁকেও সন্তুষ্ট করে এবং আল্লাহকেও সন্তুষ্ট করে।

# পিতামাতার সেবায় কতিপয় উদাহরণ -

পিতা-মাতার সেবায় মহান ব্যক্তিবর্গ আমাদের জীবনে শ্রেষ্ঠ উদাহরণ রেখে গেছেন। আমাদের উচিত তাদের অনুসরন করা। তাদের অনুসরণের মাধ্যমে আমরা ইহকালীন-পরকালীন সফলতা নিহিত।

**পিতা-মাতার সেবা করা জিহাদ অপেক্ষা উত্তম**

দ্বীন রক্ষার জন্য অনেক সময় জিহাদে যেতে হয়। আর আল্লাহর পথে জিহাদের ফযীলত কত বেশী তা বলার অপেক্ষা রাখে না। অথচ এই ফযীলতপূর্ণ আমলের উপর পিতা-মাতার সেবাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। যেমন হাদীছে এসেছে-

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو رضي الله عنهما يَقُولُ :جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَاسْتَأْذَنَهُ فِي الْجِهَادِ، فَقَالَ :أَحَيٌّ وَالِدَاكَ؟ قَالَ :نَعَمْ، قَالَ :فَفِيهِمَا فَجَاهِدْ

আব্দুল্লাহ বিন আমর (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, এক ব্যক্তি নবী করীম (ছাঃ)-এর নিকট এসে জিহাদে যাবার অনুমতি প্রার্থনা করল। তখন তিনি বললেন, তোমার পিতা-মাতা কি জীবিত আছেন? সে বলল, হ্যাঁ। নবী করীম (ছাঃ) বললেন, তাহলে তাঁদের খিদমতের চেষ্টা কর।

৪৮. বুখারী হা/৩০০৪; মুসলিম হা/২৫৪৯; মিশকাত হা/৪৯১৯

হাফেয ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, এর অর্থ হ'ল, 'তোমার পিতা-মাতা জীবিত থাকলে তাদের সেবা ও খিদমতে সর্বোচ্চ চেষ্টা কর। কারণ এটি জিহাদের স্থলাভিষিক্ত হবে' (ফাতহুল বারী ১০/৪০৩)।

অন্য হাদীছে এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ أَقْبَلَ رَجُلٌ إِلَى نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ: أُبَايِعُكَ عَلَى الْهِجْرَةِ وَالْجِهَادِ أَبْتَغِى الْأَجْرَ مِنَ اللَّهِ .قَالَ :فَهَلْ مِنْ وَالِدَيْكَ أَحَدٌ حَيٌّ؟ قَالَ نَعَمْ، بَلْ كِلَاهُمَا .قَالَ :فَتَبْتَغِي الْأَجْرَ مِنَ اللَّهِ .قَالَ :نَعَمْ .قَالَ :فَارْجِعْ إِلَى وَالِدَيْكَ فَأَحْسِنْ صُحْبَتَهُمَا -

আব্দুল্লাহ বিন আমর ইবনুল আছ (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, এক ব্যক্তি নবী করীম (ছাঃ)-এর নিকট এসে বলল, আমি আপনার হাতে হিজরত ও জিহাদের জন্য বায়'আত গ্রহণ করব। এতে আমি আল্লাহর নিকট প্রতিদান চাই। তাঁর কাছে পুরস্কার ও বিনিময় আশা করি। তিনি বললেন, তোমার পিতা-মাতার মধ্যে কেউ জীবিত আছেন কি? সে

বলল, হ্যাঁ, বরং উভয়ে জীবিত আছেন। তিনি বললেন, তাহ’লে তুমি আল্লাহর কাছে বিনিময় প্রত্যাশা করছ? সে বলল, হ্যাঁ। তিনি বললেন, তাহ’লে তুমি তোমার পিতামাতার কাছে ফিরে যাও এবং তাদের দু’জনের সঙ্গে সদাচরণপূর্ণ জীবন যাপন কর’। (৪৯)

অন্য বর্ণনায় রয়েছে, আমি তাদের উভয়কে ক্রন্দনরত অবস্থায় ছেড়ে এসেছি। রাসূল (ছাঃ) বললেন, এরপরেও তুমি আল্লাহর নিকট পুরস্কার আশা কর? লোকটি বলল, হ্যাঁ। তিনি বললেন, ‘তুমি তোমার পিতা-মাতার নিকট ফিরে যাও ও সর্বোত্তম সাহচর্য দান কর এবং তাদের কাছেই (খিদমতে) জিহাদ কর’। (৫০) তিনি আরও বলেন,

فَارْجِعْ إِلَيْهِمَا فَأَضْحِكْهُمَا كَمَا أَبْكَيْتَهُمَا، وَأَبَى أَنْ يُبَايِعَهُ

‘তুমি তাদের কাছে ফিরে যাও। অতঃপর তাদেরকে হাসাও, যেমনভাবে তাদেরকে কাঁদিয়েছ। অতঃপর তিনি তার বায়‘আত নিতে অস্বীকার করলেন’। (৫১)

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ :أَنَّ رَجُلًا هَاجَرَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ الْيَمَنِ فَقَالَ :هَلْ لَكَ أَحَدٌ بِالْيَمَنِ؟ قَالَ :أَبَوَايَ .قَالَ :أَذِنَا لَكَ؟ قَالَ :لَا .قَالَ :ارْجِعْ إِلَيْهِمَا فَاسْتَأْذِنْهُمَا فَإِنْ أَذِنَا لَكَ فَجَاهِدْ وَإِلَّا فَبِرَّهُمَا -

আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, জনৈক ব্যক্তি ইয়েমেন থেকে হিজরত করে রাসূল (ছাঃ)-এর নিকট চলে আসলে তিনি তাকে জিজ্ঞেস করলেন, ইয়েমেনে কি তোমার কেউ আছে? সে বলল, আমার পিতা- মাতা আছেন। তিনি বললেন, তারা তোমাকে অনুমতি দিয়েছেন? সে বলল, না। তিনি বললেন, তুমি তাদের নিকট ফিরে গিয়ে তাদের কাছে অনুমতি প্রার্থনা কর। যদি তারা অনুমতি দেন তাহলে জিহাদে যাও। অন্যথা তাদের সাথে সদাচরণ করো’। (৫২)

৪৯. মুসলিম হা/২৫৪৯; ছহীহ আত-তারগীব হা/২৪৮০।

৫০. মুসলিম হা/২৫৪৯; মিশকাত হা/৩৮১৭ (৫-৬)।

৫১. আবুদাউদ হা/২৫২৮; ছহীহ আত-তারগীব হা/২৪৮১।

৫২. আবুদাউদ হা/২৫৩০; আহমাদ হা/১১৭৩৮; ছহীহ আত-তারগীব হা/২৪৮২।

অন্য একটি আছারে বর্ণিত হয়েছে,

عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى قَالَ :جَاءَ رَجُلٌ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَالَ :إِنِّي أَرَدْتُ أَنْ أَغْزُوَ الرُّومَ، وَإِنَّ أَبَوَيَّ يَمْنَعَانِي قَالَ :أَطِعْ أَبَوَيْكَ، وَاجْلِسْ فَإِنَّ الرُّومَ سَتَجِدُ مَنْ يَغْزُوهَا غَيْرَكَ -

যুরারাহ বিন আওফা হ’তে বর্ণিত তিনি বলেন, জনৈক ব্যক্তি ইবনু আব্বাস (রাঃ)-এর নিকট এসে বলল, আমি রোমানদের বিরুদ্ধে যুদ্ধে যেতে চাই। কিন্তু আমার পিতা-মাতা

আমাকে বাধা দিচ্ছেন। তিনি বললেন, তুমি তোমার পিতা-মাতার আনুগত্য করো এবং বাড়িতেই অবস্থান করো। কারণ রোমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য তুমি ছাড়াও অন্য লোক পাওয়া যাবে।

## পিতা-মাতার সেবায় বয়স ও রিযিক বৃদ্ধি পায় :

পিতা-মাতার খিদমত করলে আল্লাহ বেশী বেশী সৎ আমল করার সুযোগ দেন এবং আয়-রোযগারে বরকত দান করেন। যেমন হাদীছে এসেছে,

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَنْ أَحَبَّ أَنْ يُمَدَّ لَهُ فِي عُمْرِهِ وَأَنْ يُزَادَ لَهُ فِي رِزْقِهِ فَلْيَبَرَّ وَالِدَيْهِ وَلْيَصِلْ رَحِمَهُ -

আনাস ইবনু মালেক (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'যে ব্যক্তি পছন্দ করে যে, তার আয়ু বৃদ্ধি করা হোক এবং তার জীবিকায় প্রশস্ততা আসুক সে যেন তার পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করে ও আত্মীয়তার সম্পর্ক বজায় রাখে'। (৬২)
সালমান ফারেসী (রাঃ)-এর বর্ণনায় এসেছে, রাসূল (ছাঃ) বলেছেন, لَا يَرُدُّ الْقَضَاءَ إِلَّا الدُّعَاءُ وَلَا يَزِيدُ فِي الْعُمْرِ إِلَّا الْبِرُّ 'তাক্বদীর পরিবর্তন হয় না দো'আ ব্যতীত এবং বয়স বৃদ্ধি হয় না সৎকর্ম ব্যতীত'। (৬৩) অর্থাৎ যেসব বিষয় আল্লাহ দো'আ ব্যতীত পরিবর্তন করেন না, সেগুলি দো'আর ফলে পরিবর্তিত হয়। আর 'সৎকর্মে বয়স বৃদ্ধি পায়' অর্থাৎ ঐ ব্যক্তির আয়ূতে বরকত লাভ হয়। যাতে নির্ধারিত আয়ূ সীমার মধ্যে সে বেশী বেশী সৎকাজ করার তাওফীক লাভ করে এবং তা তার আখেরাতে সুফল বয়ে আনে (মিরকাত, মির'আত)। কেননা মানুষের রূযী ও আয়ু আল্লাহ কর্তৃক নির্ধারিত। যাতে কোন কমবেশী হয় না। (৬৪)
অন্য একটি হাদীছে এসেছে, إِنَّ الدُّعَاءَ يَنْفَعُ مِمَّا نَزَلَ وَمِمَّا لَمْ يَنْزِلْ فَعَلَيْكُمْ عِبَادَ اللهِ بِالدُّعَاءِ...
...بِالدُّعَاءِ 'যে বিপদ আপতিত হয়েছে এবং যা এখনও আপতিত হয়নি সবক্ষেত্রেই দো'আ উপকার বয়ে নিয়ে আসে। সুতরাং হে আল্লাহর বান্দাগণ! তোমাদের জন্য আবশ্যক হ'ল দো'আ করা'। (৬৭)

৬০. তাবারানী, মু'জামুল আওসাত হা/২২৫৫; মাজমাউয যাওয়ায়েদ হা/১৩৩৯১; ছহীহ আত-তারগীব হা/২৫০২।

৬২. আহমাদ হা/২৭৫৭১; তিরমিযী হা/১৯০০; ইবনু মাজাহ হা/২০৮৯; মিশকাত হা/৪৯২৮; ছহীহাহ হা/৫১৪।
৬৩. আহমাদ হা/১৫৪২৫; ছহীহ আত-তারগীব হা/২৪৮৮।
৬৭. তিরমিযী হা/২১৩৯; মিশকাত হা/২২৩৩; ছহীহাহ হা/৯৫৪।

## অমুসলিম পিতা-মাতার হেদায়াতের জন্য দো'আ :

সাধারণভাবে অমুসলিমদের হেদায়াতের জন্য দো'আ করা কর্তব্য। রাসূল (ছাঃ) আবু জাহল বা ওমরের হেদায়াতের জন্য, আবু হুরায়রার মায়ের হেদায়াতের জন্য, দাউস সম্প্রদায়ের হেদায়াতের জন্য, ছাক্বীফ গোত্রের হেদায়াতের জন্য এবং ইহূদী খৃষ্টানদের হেদায়াতের জন্য দো'আ করেছিলেন। (২০৫) কারণ কারো দাওয়াতের মাধ্যমে বা দো'আর মাধ্যমে কেউ হেদায়াত হ'লে সেটি লাল উট কুরবানী করা অপেক্ষা উত্তম। (২০৬) আর পিতা-মাতা সবচেয়ে কাছের মানুষ। কাজেই পিতা-মাতা অমুসলিম থেকে জাহান্নামে যাবে এটি কোন সন্তনের কাম্য নয়। সেজন্য অমুসলিম পিতা-মাতার সাথে সদাচরণের পাশাপাশি তাদের হেদায়াতের জন্য আল্লাহর নিকট খালেছ অন্তরে দো'আ করতে হবে।

আবু কাছীর থেকে বর্ণিত, তিনি বলেন, আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন যে, আমি আমার মাকে ইসলামের প্রতি আহ্বান জানাতাম, তখন তিনি মুশরিক ছিলেন। একদিন আমি তাকে ইসলাম কবুলের জন্য আহ্বান জানালাম। তখন তিনি রাসূল (ছাঃ) সম্পর্কে আমাকে এমন এক কথা শোনালেন যা আমার কাছে খুবই অপ্রিয় ছিল। আমি কাঁদতে কাঁদতে রাসূল (ছাঃ)-এর কাছে এলাম। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমি আমার মাকে ইসলামের দাওয়াত দিয়ে আসছিলাম। আর তিনি অস্বীকার করে আসছিলেন। এরপর আমি তাকে আজ দাওয়াত দেওয়াতে তিনি আমাকে আপনার সম্পর্কে এমন কথা শোনালেন, যা আমি পছন্দ করি না। সুতরাং আপনি আল্লাহর কাছে দো'আ করুন যেন তিনি আবু হুরায়রার মাকে হেদায়াত দান করেন। তখন আল্লাহর রাসূল বললেন, اَللَّهُمَّ اهْدِ أُمَّ أَبِيْ هُرَيْرَةَ 'হে আল্লাহ! আবু হুরায়রার মাকে হেদায়াত দান কর'। নবী করীম (ছাঃ)-এর দো'আর কারণে আমি খুশি মনে বেরিয়ে এলাম। যখন আমি (ঘরের) দরজায় পৌঁছলাম তখন তা বন্ধ দেখতে পেলাম। আমার মা আমার পায়ের আওয়াজ

শুনতে পেলেন। তিনি বললেন, আবু হুরায়রা! একটু দাঁড়াও (থাম)। তখন আমি পানির কলকল শব্দ শুনছিলাম। তিনি বলেন, এরপর তিনি (আমার মা) গোসল করলেন এবং গায়ে চাদর পরলেন। আর তড়িঘড়ি করে দোপাট্টা ও ওড়না জড়িয়ে নিলেন, এরপর ঘরের দরজা খুলে দিলেন। এরপর বললেন, ‘হে আবু হুরায়রা! আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই, আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল’। তিনি বলেন, তখন আমি রাসূল

(ছাঃ)-এর খিদমতে রওনা হ’লাম। এরপর তাঁর কাছে গেলাম এবং আমি তখন আনন্দে কাঁদছিলাম। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! সুসংবাদ গ্রহণ করুন। আল্লাহ আপনার দো‘আ কবুল করেছেন এবং আবু হুরায়রার মাকে হিদায়াত দান করেছেন। তখন তিনি আল্লাহর শুকরিয়া আদায় করলেন ও তাঁর প্রশংসা করলেন এবং ভাল ভাল (কথা) বললেন। তিনি বলেন, এরপর আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনি আল্লাহর কাছে দো‘আ করুন, তিনি যেন আমাকে এবং আমার মাকে মুমিন বান্দাদের কাছে প্রিয় করেন এবং তাদের ভালোবাসা আমাদের অন্তরে বদ্ধমূল করে দেন। তিনি (বর্ণনাকারী) বলেন, এরপর রাসূল (ছাঃ) বললেন, ،اَللّٰهُمَّ حَبِّبْ عُبَيْدَكَ هَذَا يَعْنِي أَبَا هُرَيْرَةَ وَأُمَّهُ إِلَى عِبَادِكَ الْمُؤْمِنِينَ وَحَبِّبْ إِلَيْهِمُ الْمُؤْمِنِينَ ‘হে আল্লাহ! তোমার এই বান্দা (আবু হুরায়রা)-কে এবং তাঁর মাকে মুমিন বান্দাদের কাছে প্রিয়ভাজন করে দাও এবং তাদের কাছেও মুমিন বান্দাদের প্রিয় করে দাও'। এরপর এমন কোন মুমিন বান্দা সৃষ্টি হয়নি, যে আমার কথা শুনেছে অথবা আমাকে দেখেছে অথচ আমাকে **ভালোবাসেনি**। (২০৭)

২০৭. মুসলিম হা/২৪৯১; আহমাদ হা/৮২৩২।

২০২. বুখারী হা/১০৪৯; মুসলিম হা/৯০৩; মিশকাত হা/১২৬।

২০৩. দলীলুল ফালিহীন লি তুরুকে রিয়াযুছ ছালেহীন ৩/১৬২।

২০৪. আবুদাউদ হা/১৬৬৪; ছহীহ তারগীব হা/২৫০০; মিশকাত হা/৪৯১৩-এর ব্যাখ্যা দ্রষ্টব্য।

২০৫. বুখারী হা/২৯৩৭; মুসলিম হা/২৪৯১; আহমাদ হা/১৪৭৪৩; আবুদাউদ হা/৫৩৮; তিরমিযী হা/৩৯৪১; মিশকাত হা/৫৭৪০;

## পিতা-মাতার সাথে নম্র ভাষায় কথা বলায় জান্নাত লাভ :

পিতা-মাতার সাথে এমনভাবে কথা বলতে হবে যাতে তারা কোনভাবেই কষ্ট না পান। আল্লাহর নেক বান্দাদের বৈশিষ্ট্য হ'ল তারা বিনয়ের সাথে চলে এবং নম্র ও ভদ্র ভাষায় কথা বলে। বিশেষতঃ পিতা-মাতার সাথে বিনয়ের সাথে কথা বললে জান্নাত লাভ করা যায়। যেমন হাদীছে এসেছে-

عَنْ طَيْسَلَةَ بْنِ مَيَّاسٍ قَالَ :كُنْتُ مَعَ النَّجَدَاتِ فَأَصَبْتُ ذُنُوبًا لَا أَرَاهَا إِلَّا مِنَ الْكَبَائِرِ، فَذَكَرْتُ ذَلِكَ لِابْنِ عُمَرَ قَالَ :مَا هِيَ؟ قُلْتُ :كَذَا وَكَذَا، قَالَ :لَيْسَتْ هَذِهِ مِنَ الْكَبَائِرِ، هُنَّ تِسْعٌ : الْإِشْرَاكُ بِاللَّهِ، وَقَتْلُ نَسَمَةٍ، وَالْفِرَارُ مِنَ الزَّحْفِ، وَقَذْفُ الْمُحْصَنَةِ، وَأَكْلُ الرِّبَا، وَأَكْلُ مَالِ الْيَتِيمِ، وَإِلْحَادُ فِي الْمَسْجِدِ، وَالَّذِي يَسْتَسْخِرُ وَبُكَاءُ الْوَالِدَيْنِ مِنَ الْعُقُوقِ ثُمَّ قَالَ لِي ابْنُ عُمَرَ: أَتَفْرَقُ النَّارَ وَتُحِبُّ أَنْ تَدْخُلَ الْجَنَّةَ؟ قُلْتُ :إِي وَاللَّهِ، قَالَ :أَحَيٌّ وَالِدُكَ؟ قُلْتُ :عِنْدِي أُمِّي، قَالَ :فَوَاللَّهِ لَوْ أَلَنْتَ لَهَا الْكَلَامَ، وَأَطْعَمْتَهَا الطَّعَامَ، لَتَدْخُلَنَّ الْجَنَّةَ مَا اجْتَنَبْتَ الْكَبَائِرَ -

মাতার কান্নার কারণ হয় [১.১.১]। ইবনু ওমর (রাঃ) আরও বলেন, যদি তুমি তোমার জীবিত মায়ের সাথে নম্র আচরণ করো এবং তাকে খাদ্য প্রদান করো, তবে কবীরা গুনাহ থেকে বেঁচে থাকা অবস্থায় অবশ্যই জান্নাতে প্রবেশ করবে।

## পিতা-মাতার সেবায় দুনিয়ায় বিপদমুক্তি :

পিতা-মাতার সেবা করলে বিপদের সময় আল্লাহ সন্তানকে সাহায্য করেন, দো'আ করলে কবুল করেন এবং বিপদে রক্ষা করেন। যেমন বনী ইসরাঈলের জনৈক ব্যক্তি পিতা-মাতার সেবা করার কারণে বিপদে সাহায্য প্রাপ্ত হয়েছিল।

আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, পূর্বকালে তিন ব্যক্তি সফরে বের হয়। পথিমধ্যে তারা মুষলধারে বৃষ্টির মধ্যে পতিত হয়। তখন তিনজন একটি পাহাড়ের গুহায় আশ্রয় নেয়। হঠাৎ গুহা মুখে একটি বড় পাথর ধসে পড়ে। তাতে গুহার মুখ বন্ধ হয়ে যায়। তিন জন সাধ্যমত চেষ্টা করেও তা সরাতে ব্যর্থ হয়। তখন তারা পরস্পরে বলতে থাকে যে, এই বিপদ থেকে রক্ষার কেউ নেই আল্লাহ ব্যতীত। অতএব তোমরা আল্লাহকে খুশি করার উদ্দেশ্যে জীবনে কোন সৎকর্ম করে থাকলে সেটি সঠিকভাবে বল এবং তার দোহাই দিয়ে আল্লাহর নিকট প্রার্থনা কর। সম্ভবতঃ তিনি আমাদেরক এই বিপদ থেকে রক্ষা করবেন।

তখন একজন বলল, আমার দু’জন বৃদ্ধ পিতা-মাতা ছিলেন এবং আমার ছোট ছোট কয়েকটি শিশু সন্তান ছিল। যাদেরকে আমি প্রতিপালন করতাম। আমি মেষপাল চরিয়ে যখন ফিরে আসতাম, তখন সন্তানদের পূর্বে পিতামাতাকে দুধ পান করাতাম। একদিন আমার ফিরতে রাত হয়ে যায়। অতঃপর আমি দুগ্ধ দোহন করি। ইতিমধ্যে পিতা-মাতা ঘুমিয়ে যান। তখন আমি তাদের মাথার নিকট দুধের পাত্র নিয়ে দাঁড়িয়ে থাকি, যতক্ষণ না তারা জেগে ওঠেন। এ সময় ক্ষুধায় আমার বাচ্চারা আমার পায়ের নিকট কেঁদে গড়াগড়ি যায়। কিন্তু আমি পিতা-মাতার পূর্বে তাদেরকে পান করাতে চাইনি। এভাবে ফজর হয়ে যায়। অতঃপর তারা ঘুম থেকে উঠেন ও পান করেন। তারপরে বাচ্চাদের পান করাই। اَللَّهُمَّ إِنْ كُنْتُ فَعَلْتُ ذَلِكَ ابْتِغَاءَ وَجْهِكَ فَفَرِّجْ عَنَّا مَا نَحْنُ فِيْهِ مِنْ هَذِهِ الصَّخْرَةِ ‘হে আল্লাহ! যদি আমি এটা তোমার সন্তুষ্টির জন্য করে থাকি, তাহ’লে তুমি আমাদের থেকে এই পাথর সরিয়ে দাও’! তখন পাথর কিছুটা সরে গেল এবং তারা আকাশ দেখতে পেল।

অতঃপর দ্বিতীয় ও তৃতীয় ব্যক্তি তাদের নিজ নিজ সৎকর্মের কথা উল্লেখ করে বলল, হে আল্লাহ! যদি আমরা এগুলি তোমার সন্তুষ্টির জন্য করে থাকি, তাহ’লে তুমি আমাদের থেকে এই পাথর সরিয়ে নাও’! তখন পাথরের বাকীটুকু সরে গেল এবং আল্লাহ তাদেরকে মুক্তি দান করলেন। (৭০)

৬৯. আল-আদাবুল মুফরাদ হা/৮, সনদ ছহীহ।
৭০. বুখারী হা/২২১৫; মুসলিম হা/২৭৪৩; মিশকাত হা/৪৯৩৮।

## আপনার কৃতকর্মের যতটুকু প্রাপ্য ঠিক ততটুকুই আপনি পাবেন

কুরআন পাকে আল্লাহ তাআলা ইরশাদ করেন— **إِنَّمَا تُجْزَوْنَ مَا كُنتُمْ تَعْمَلُونَ**
“তোমরা যা করতে তোমাদেরকে কেবল তাই প্রতিদান দেওয়া হবে।”

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন— **كُلُّ ذُنُوبٍ يُؤَخِّرُ اللَّهُ مِنْهَا مَا شَاءَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ إِلَّا الْبَغْيَ وَعُقُوقَ الْوَالِدَيْنِ، يُعَجِّلُ لِصَاحِبِهَا فِي الدُّنْيَا قَبْلَ الْمَوْتِ**

“আল্লাহ তাআলা মা-বাবার অবাধ্যতা এবং অন্যায়-অবিচার ব্যতীত অন্য সকল গুনাহ বিলম্বিত করেন (কিয়ামত পর্যন্ত)। কিন্তু যিনি পিতা-মাতাকে কষ্ট দেন, তাকে মৃত্যুর পূর্বেই দুনিয়াতে শাস্তি প্রদান করা হয়।”

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন— “দুই প্রকার গুনাহের ক্ষেত্রে আল্লাহ তাআলা মানুষকে তাৎক্ষণিকভাবে দুনিয়াতেই শাস্তি প্রদান করেন— অন্যায়-অবিচার করা এবং মা-বাবার অবাধ্য হওয়া।”

এতে কোন সন্দেহ নেই যে, কেউ যদি তার মা-বাবার প্রতি কর্তব্য পালনে গাফিলতি করে, তবে সে তার সন্তানদের থেকেও তেমন গাফিলতির শিকার হবে। আর যে ব্যক্তি তার মা-বাবার সাথে সদাচরণ করবে এবং তাদের দেখাশোনা করবে, তার সন্তানও ঠিক একইভাবে তাকে দেখাশোনা করবে।

আল মামলূকী তাঁর ‘বীরুল ওয়ালিদাইন’ গ্রন্থে একটি কাহিনী বর্ণনা করেন।

আল-আসমাঈ বলেন— “আমাকে এক ব্যক্তি বললো, ‘দুনিয়ার সবচেয়ে নিকৃষ্ট ও অধম সন্তানকে খুঁজে বের করার জন্য, আমি একদা দীর্ঘ ভ্রমণে বের হলাম। একদিন আমি এক বৃদ্ধকে দেখলাম। তিনি একটি বালতি দিয়ে কূপ থেকে পানি তুলছিলেন। বালতির দড়িটি তার গলায় বাঁধা ছিল। তখন গ্রীষ্মকাল ছিল। সেদিন এতটাই গরম পড়েছিল যে উট পর্যন্ত গরমে অস্থির হয়ে পড়েছিল। বৃদ্ধের পেছন থেকে এক যুবক তাকে চাবুক মারছিল। আমি সেই যুবককে বললাম, “আল্লাহকে ভয় কর! এই বৃদ্ধটি খুবই দুর্বল, তুমি তার সাথে যে আচরণ করছো সেটা তার সহ্যের বাইরে। দয়া করে তুমি তোমার চাবুক মারা বন্ধ করো।” তখন সে যুবক বললো, “এ বৃদ্ধ আমার বাবা। আমি বলছি, আল্লাহকে ভয় কর! তোমাকে তার ব্যাপারে কথা বলতে হবে না।” বৃদ্ধটি চিৎকার দিয়ে বললো, “থাম! সে তার বাবার সাথে এভাবেই ব্যবহার করতো। আর তার বাবাও তার দাদার সাথে এমন আচরণ করতো।” তখন আমি মনে মনে বললাম, ‘এই ব্যক্তিই দুনিয়ার সবচেয়ে নিকৃষ্ট ও অধম সন্তান।’”

এখানে আরেকটি কাহিনী বর্ণনা করছি—

এ কাহিনী এক যুবককে কেন্দ্র করে। সে তার দিনের অধিকাংশ সময় বিভিন্ন ক্লাবে ঘুরে এবং বন্ধুদের সাথে আনন্দ-ফুর্তি করে কাটাতো। তার বাবা খুব ধার্মিক ছিলেন। তিনি ছেলেকে নিয়ে খুব চিন্তিত ছিলেন। তিনি বহুবার তাকে সতর্ক করেন যে, সে যেন তার জীবন পরিবর্তন করে এবং অসৎ বন্ধুদের সঙ্গ ত্যাগ করে। তিনি তাকে আল্লাহর ভয় দেখাতেন। কিন্তু ছেলে তাতে কোন কর্ণপাত করতো না। বরং বাবার প্রতি তার অবাধ্যতা ও নিষ্ঠুর আচরণ আরও বেড়ে যায়।

একদিন বাবা তার পরামর্শ শোনার ব্যাপারে ছেলেকে খুব চাপাচাপি করছিলেন। কিন্তু তাকে নিতান্তই অবাক করে দিয়ে ছেলে তার মুখে থাপ্পড় মেরে বসলো! বাবা খুবই মর্মাহত হলেন। তখনই কসম কাটলেন এই বলে যে, কখনো কারো শরীর স্পর্শ করলে তিনি আল্লাহর নিকট থেকে এই অন্যায়ের প্রতিশোধ চাইবেন।

একদা তিনি কা'বা শরীফে গেলেন এবং আকাশের দিকে হাত তুলে আল্লাহর নিকট ফরিয়াদ জানালেন—

"হে আল্লাহ! দুনিয়ার প্রতিটি প্রান্ত থেকে মানুষ আপনার ঘর পরিদর্শন করতে আসে। আমি আজ আপনার দরবারে উপস্থিত হয়েছি। হে আল্লাহ! আমার ছেলে খুব অবাধ্য এবং সে আমার সাথে খুব অন্যায় আচরণ করেছে। হে আমার রব! আপনি যেন এই অন্যায়ের বিচার করেন। আপনি যেন তাকে চলাচলে অক্ষম করে দেন। আপনিই মহাশক্তিশালী ন্যায়বিচারক। কেউ আপনাকে জবাবদিহি করতে পারে না, আপনিও কাউকে জবাবদিহি করেন না।"

আল্লাহর দরবারে বৃদ্ধের ফরিয়াদ শেষ হওয়ার সাথে সাথেই তার ছেলের দেহের ডান পাশ পক্ষাঘাতে আক্রান্ত হলো।

## সন্তানের প্রার্থনার কারণে পিতা-মাতার সম্মান ও মর্যাদা বৃদ্ধি করা হয়

পিতা-মাতার জন্য সন্তান একটি বড় নে'মত। তাই সন্তানকে আদর্শবান করে গড়ে তুলতে পারলে পৃথিবীতে সে যেমন পিতা-মাতার জন্য চক্ষু শীতলকারী হবে, তেমনি পরকালে নাজাতের কারণ হবে। যেমন হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ لَيَرْفَعُ الدَّرَجَةَ لِلْعَبْدِ الصَّالِحِ فِي الْجَنَّةِ فَيَقُولُ :يَا رَبِّ أَنَّى لِي هَذِهِ فَيَقُولُ بِاسْتِغْفَارِ وَلَدِكَ لَكَ -

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, 'আল্লাহ তা'আলা জান্নাতে তাঁর কোন নেক বান্দার মর্যাদা বাড়িয়ে দেবেন

এ অবস্থা দেখে সে (নেক বান্দা) বলবে, হে আমার রব! আমার এ মর্যাদা কিভাবে বৃদ্ধি হ'ল? তখন আল্লাহ তা'আলা বলবেন, তোমার সন্তান-সন্ততি তোমার জন্য মাগফিরাত কামনা করার কারণে'। (১০৮) '(وَلَدِكَ لَكَ)' শব্দটি ছেলে-মেয়ে উভয়ের ক্ষেত্রে প্রযোজ্য হয়। এখানে ولد দ্বারা মুমিন সন্তান উদ্দেশ্য। আর এটি বিবাহের উপকারসমূহের একটি উপকার ও সর্বাপেক্ষা বড় উপকার এবং ঐ বস্তুসমূহের একটি যা পুণ্য এবং কর্ম থেকে মরণের পর মুমিন ব্যক্তির সাথে মিলিত হয়। যেমন হাদীছে এসেছে। আল্লামা ত্বীবী বলেন, পূর্বোক্ত হাদীছটি এ প্রমাণ বহন করছে যে, ক্ষমা প্রার্থনা দ্বারা বড় বড় গুনাহ মোচন করা হয়'। (১০৯)

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ :تُرْفَعُ لِلْمَيِّتِ بَعْدَ مَوْتِهِ دَرَجَتُهُ، فَيَقُولُ :أَيْ رَبِّ، أَيُّ شَيْءٍ هَذَا؟ فَيُقَالُ : وَلَدُكَ اسْتَغْفَرَ لَكَ -

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, মানুষের মৃত্যুর পর তার মর্যাদা বৃদ্ধি করা হবে। তখন সে বলবে, হে প্রভু! এই মর্যাদা কিভাবে হ'ল? তাকে বলা হবে, তোমার সন্তান তোমার জন্য ক্ষমা প্রার্থনা করেছে'। (১১০)

অন্য একটি আছারে এসেছে,

،عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ :كُنَّا عِنْدَ أَبِي هُرَيْرَةَ لَيْلَةً، فَقَالَ :اللَّهُمَّ اغْفِرْ لِأَبِي هُرَيْرَةَ، وَلِأُمِّي وَلِمَنِ اسْتَغْفَرَ لَهُمَا قَالَ لِي مُحَمَّدٌ :فَنَحْنُ نَسْتَغْفِرُ لَهُمَا حَتَّى نَدْخُلَ فِي دَعْوَةِ أَبِي هُرَيْرَةَ -

প্রখ্যাত তাবেঈ মুহাম্মাদ ইবনে সীরীন (রহঃ) বলেন, এক রাতে আমরা আবু হুরায়রা (রাঃ)-এর সাথে ছিলাম। তিনি বললেন, 'হে আল্লাহ! আবু হুরায়রাকে, আমার মাকে এবং তাদের দু'জনের জন্য যারা ক্ষমা প্রার্থনা করবে, তাদের সকলকে তুমি ক্ষমা কর'।

১০৬. আহমাদ হা/২২৩০১; ছহীহুত তারগীব হা/২১৪৪।

১০৮. ইবনু মাজাহ হা/৩৬৬০; মিশকাত হা/২৩৫৪;

**ইবরাহীম (আঃ)-এর দো'আ :**

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ -

**উচ্চারণ :** রব্বানাগফিরলী ওয়ালি ওয়ালিদাইয়্যা ওয়া লিল মু'মিনীন ইয়াত্তমা ইয়াক্কুমুল হিসাব।

'হে আমাদের প্রভু! আমাকে ও আমার পিতা-মাতাকে এবং ঈমানদার সকলকে ক্ষমা কর যেদিন হিসাব দণ্ডায়মান হবে' (ইব্রাহীম ১৪/৪০-৪১)।

**সৎ বান্দাদের পিতা-মাতার জন্য দো'আ :**

رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَى وَالِدَيَّ وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ وَأَصْلِحْ لِي فِي ذُرِّيَّتِي إِنِّي تُبْتُ إِلَيْكَ وَإِنِّي مِنَ الْمُسْلِمِينَ

**উচ্চারণ :** রব্বি আওযি'নী আন আশকুরা নি'মাতাকাল্লাতী আন'আমতা 'আলাইয়্যা ওয়া 'আলা ওয়ালিদাইয়্যা ওয়া আন আ'মালা ছলিহান তারযাহু ওয়া আছলিহলী ফী যুররিইয়্যাতী, ইন্নী তুবতু ইলাইকা ওয়া ইন্নী মিনাল মুসলিমীন।

**অর্থ :** 'হে আমার প্রভু! আমাকে শক্তি দাও যাতে আমি তোমার নে'মতের শোকর আদায় করি। যা তুমি আমাকে ও আমার পিতা-মাতাকে দান করেছ এবং যাতে আমি তোমার পছন্দনীয় সৎকর্ম করি। আমার পিতা-মাতাকে সৎকর্মপরায়ণ কর, আর সন্তানদেরকেও সৎকর্মপরায়ণ কর। আমি তোমার প্রতি তওবা করলাম। আমি তোমার একান্ত একজন আজ্ঞাবহ' (আহক্বাফ ৪৬/১৫)। উপরোক্ত সকল দো'আ নিজের জন্য, পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের জন্য করা যাবে।

**পিতা-মাতা জীবিত বা মৃত উভয় অবস্থায় তাদের জন্য দো'আ করা :**

পিতা-মাতা জীবিত থাকা অবস্থায় তাদের সার্বিক কল্যাণের জন্য দো'আ করা ও তাদের জন্য দান-ছাদাক্বাহ করা উত্তম কাজ। তারা যেমন মৃত্যুর পর দো'আ পাওয়ার অধিকার রাখেন, তেমনি জীবিত থাকা অবস্থাতেও সেই অধিকার রাখেন। এটি সদ্ব্যবহারের অন্যতম মাধ্যম। (১১২)

১১১. আল-আদাবুল মুফরাদ হা/৩৭, সনদ ছহীহ।

১১২. মারদাবী, আল ইনছাফ ফী মারিফাতির রাজেহ মিনাল খিলাফ ২/৫৬০।

# যেভাবে মা-বাবার হৃদয় জয় করবেন

ইবনুল জাওযী রাহিমাহুল্লাহ তাঁর 'বিররুল ওয়ালিদাইন' গ্রন্থে বলেন— "মা-বাবার হৃদয় জয় করতে হলে তাদের সব কথা নিষ্ঠার সাথে মেনে চলতে হবে, যদি না তাতে আল্লাহ তাআলার কৃতকর্মের অবাধ্য হওয়ার কোনো সম্ভাবনা থাকে। এমনকি নফল ইবাদত থেকেও মা-বাবার দায়িত্ব ও কর্তব্যকে বেশি গুরুত্ব দিতে হবে। তারা যেসব কাজ নিষেধ করেন, সেসব কাজ করা হতে বিরত থাকতে হবে। তাদের প্রয়োজনীয়তা পূরণে যথাসাধ্য সচেষ্ট হতে হবে। তাদের সামনে বিনয় ও নম্রতার সাথে দাঁড়াতে হবে। তাদের সাথে কখনো উচ্চস্বরে কথা বলা যাবে না এবং কথা বলার সময় তাদের চোখে সরাসরি চোখ রাখা যাবে না। তাদেরকে তাদের নাম ধরে ডাকা যাবে না এবং তাদের সাথে আচরণে অসামান্য ধৈর্যের পরিচয় দিতে হবে।"

হাদিস:

**عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَتْ :قَدِمَتْ عَلَيَّ أُمِّي وَهِيَ مُشْرِكَةٌ فِي عَهْدِ قُرَيْشٍ، إِذْ عَاهَدُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمُدَّتُهُمْ، فَاسْتَفْتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ :يَا رَسُولَ اللَّهِ، إِنَّ أُمِّي قَدِمَتْ عَلَيَّ وَهِيَ رَاغِبَةٌ، أَفَأَصِلُهَا؟ قَالَ: «نَعَمْ، صِلِي أُمَّكِ».**

হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহুর কন্যা হযরত আসমা রাদিয়াল্লাহু আনহা বলেন— "শিরক অবস্থায় একদিন মা আমার কাছে আসলেন। তিনি আমার কাছ থেকে উপকার চাইতে এসেছিলেন। তখন আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলাম, 'আমি কি আমার মুশরিক মায়ের সাথে সদাচরণ করতে পারি?' রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জবাবে বললেন, 'হ্যাঁ, তুমি তার সাথে সদাচরণ করো।"

**হযরত ইবরাহীম (আঃ)-এর উদাহরণ:**

পিতা মুশরিক হওয়া সত্ত্বেও ঘৃণা বা অবজ্ঞা না করে বরং অত্যন্ত ভদ্র ভাষায় পিতার সাথে কথা বলায় আল্লাহ তা'আলা ইবরাহীম (আঃ)-এর প্রশংসা করেছেন এবং কুরআনে পিতার সাথে সদ্ব্যবহারের উদাহরণ উপস্থাপন করেছেন। যেমন আল্লাহ তা'আলা বলেন, إِذْ قَالَ لِأَبِيهِ يَا أَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِي عَنْكَ شَيْئًا - يَا أَبَتِ إِنِّي قَدْ جَاءَنِي مِنَ الْعِلْمِ مَا لَمْ يَأْتِكَ فَاتَّبِعْنِي أَهْدِكَ صِرَاطًا سَوِيًّا - يَا أَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطَانَ إِنَّ

الشَّيْطَانَ كَانَ لِلرَّحْمَنِ عَصِيًّا-يَا أَبَتِ إِنِّي أَخَافُ أَنْ يَمَسَّكَ عَذَابٌ مِنَ الرَّحْمَنِ فَتَكُونَ لِلشَّيْطَانِ وَلِيًّا-

'যখন তিনি তার পিতাকে বললেন, হে পিতা! কেন তুমি ঐ বস্তুর পূজা কর যে শোনে না, দেখে না বা তোমার কোন কাজে আসে না? হে আমার পিতা! আমার নিকট এমন জ্ঞান এসেছে, যা তোমার কাছে আসেনি। অতএব তুমি আমার অনুসরণ কর। আমি তোমাকে সরল পথ দেখাব। হে আমার পিতা! শয়তানের পূজা করো না। নিশ্চয়ই শয়তান হ'ল দয়াময়ের অবাধ্য। হে আমার পিতা! আমার ভয় হয় যে, (এই অবস্থায় যদি তুমি মৃত্যুবরণ কর) দয়াময়ের পক্ষ হ'তে শাস্তি তোমাকে স্পর্শ করবে। আর তখন তুমি শয়তানের সাথী হয়ে পড়বে' (মারিয়াম ১৯/৪২-৪৫)।

**হযরত ইয়াহ্ইয়া বিন যাকারিয়া (আঃ)-এর উদাহরণ:**

ইয়াহ্ইয়া (আঃ) পিতা-মাতার সাথে সুন্দর আচরণ করতেন। প্রত্যেক নবী-রাসূলই পিতা-মাতার সাথে সদ্বাচরণ করেছেন। তাদের মধ্যে যারা এই সৎ কাজের জন্য বিখ্যাত আল্লাহ কেবল তাদেরই নাম উল্লেখ করেছেন। আল্লাহ তা'আলা ইয়াহ্ইয়া (আঃ)-এর প্রশংসা করে বলেন, وَبَرًّا بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا 'আর তিনি (ইয়াহ্ইয়া) ছিলেন তার পিতামাতার প্রতি সদ্বাচরণকারী এবং তিনি উদ্ধত ও অবাধ্য ছিলেন না' (মারিয়াম ১৯/১৪)।

অর্থাৎ তিনি পিতা-মাতার অবাধ্যতা করতেন না এবং কাউকে হত্যার মাধ্যমে তাঁর রবেরও অবাধ্যতা করেননি (তাফসীরে দুররুল মানছুর ৫/৪৮৭)। পবিত্রতা অবলম্বন, তাক্বওয়ার নীতি অবলম্বন ও পিতা-মাতার সাথে সদ্বাচরণের কারণে আল্লাহ তা'আলা তিন সময়ে তাঁর প্রতি শান্তি বর্ষণ করেন। তার জন্মের সময়, মৃত্যুর সময় ও পুনরুত্থানের সময়।

**হযরত ঈসা (আঃ)-এর উদাহরণ:**

